তারিখ 28 OCT 2002
পৃষ্ঠা ১৮ কলাম ৬

দৈনিক ইনকিলাব

# সুনামগঞ্জে ২২টির মধ্যে অন্তত একটি কলেজকে সরকারীকরণের গণদাবী

এএফএম ফারুক ঃ সুনামগঞ্জ জেলার ২২টি কলেজের মধ্যে একটি কলেজও সরকারীকরণ করা হয়নি। ফলে জেলার ১০টি উপজেলার প্রায় ২৫ সহস্রাধিক কলেজপড়ুয়া ছাত্র-ছাত্রীর প্রাণের দাবী সব সরকারের কাছেই বার বার উপেক্ষিত হওয়ায় জনমনে হতাশা বিরাজ করছে। গত আওয়ামী লীগ সরকারের আমলে সুনামগঞ্জ জেলার দু'প্রভাবশালী নেতার কাছে এসব কলেজ সরকারীকরণের দাবী জানিয়েছে বিভিন্ন উপজেলার শিক্ষানুরাগীরা। কিন্তু দলের অভ্যন্তরে চরম কোন্দল, রেষারেষির কারণে এসব আবেদন আলোর মুখ দেখেনি। ফলে জেলার ২২টি কলেজের সবগুলোই বে-সরকারীই রয়ে যায়। এর আগের সব সরকারের আমলে এসব কলেজ সরকারীকরণের আশ্বাস মিলেছে। কিন্তু তার কোন সুফল পাওয়া যায়নি।

সুনামগঞ্জ জেলার ১০টি উপজেলার ২০ লক্ষাধিক লোক জোট সরকারের কাছে ২২টি কলেজের মধ্যে অন্তত একটি কলেজকে সরকারীকরণের দাবী করছে। গত সরকারের আমলে স্থানীয় দু'প্রভাবশালী নেতা এই দাবীর প্রতি আন্তরিক না হওয়ায় বাস্তবে এর প্রতিফলন ঘটেনি। অনেক সংসদ সদস্যকেও কলেজ প্রতিষ্ঠা ও কলেজের এমপিওভুক্তির চরম বিরোধিতা করতে দেখা গেছে।

এছাড়া জেলা শহরের সাথে বিভিন্ন উপজেলার সড়ক যোগাযোগ এখনও স্থাপিত হয়নি। অনুন্নত যোগাযোগ ব্যবস্থা জেলাবাসীকে শিক্ষা ক্ষেত্রে অনেক পিছিয়ে রেখেছে। বর্তমান সরকারের কাছে কলেজপড়ুয়া ২৫ সহস্রাধিক ছাত্র-ছাত্রী শিক্ষার মানোন্নয়নে অন্তত একটি কলেজ সরকারীকরণের পদক্ষেপ নিতে জোর দাবী জানাচ্ছে।